# আপিল বিভাগের রায়ে বাধামুক্ত আগামী ৯ সেপ্টেম্বর ডাকসু নির্বাচন অনুষ্ঠিত হবে




সংগৃহীত ছবি

আগামী ৯ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন অনুষ্ঠিত হতে বাধা নেই বলে আদেশ দিয়েছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। বুধবার (৩ সেপ্টেম্বর) প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বাধীন পূর্ণাঙ্গ বেঞ্চে এই আদেশ দেওয়া হয়। এর আগে হাইকোর্ট নির্বাচনের ওপর স্থগিতাদেশ দিয়েছিল। তবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আপিল করলে চেম্বার আদালত বিষয়টি স্থগিত করে পূর্ণাঙ্গ বেঞ্চে পাঠান। বুধবার আপিল বিভাগ নির্বাচন আয়োজনে আর কোনো বাধা নেই বলে স্পষ্ট করেন। ঐক্যবদ্ধ শিক্ষার্থী জোটের জিএস প্রার্থী এস এম ফরহাদের প্রার্থিতা চ্যালেঞ্জ করে করা রিটের ভিত্তিতেই হাইকোর্ট স্থগিতাদেশ দিয়েছিল। তবে আপিল বিভাগ সে বাধা দূর করে দিয়েছে। এখন নির্ধারিত সময়সূচি অনুযায়ী ৯ সেপ্টেম্বর নির্বাচন হবে।

আগামী ৯ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন অনুষ্ঠিত হতে বাধা নেই বলে আদেশ দিয়েছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। বুধবার (৩ সেপ্টেম্বর) প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বাধীন পূর্ণাঙ্গ বেঞ্চে এই আদেশ দেওয়া হয়।

এর আগে হাইকোর্ট নির্বাচনের ওপর স্থগিতাদেশ দিয়েছিল। তবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আপিল করলে চেম্বার আদালত বিষয়টি স্থগিত করে পূর্ণাঙ্গ বেঞ্চে পাঠান। বুধবার আপিল বিভাগ নির্বাচন আয়োজনে আর কোনো বাধা নেই বলে স্পষ্ট করেন।

ঐক্যবদ্ধ শিক্ষার্থী জোটের জিএস প্রার্থী এস এম ফরহাদের প্রার্থিতা চ্যালেঞ্জ করে করা রিটের ভিত্তিতেই হাইকোর্ট স্থগিতাদেশ দিয়েছিল। তবে আপিল বিভাগ সে বাধা দূর করে দিয়েছে। এখন নির্ধারিত সময়সূচি অনুযায়ী ৯ সেপ্টেম্বর নির্বাচন হবে

LENS ASIA